

KANYASHREE UNIVERSITY

M.A. 1st Semester Examination-2022

Subject: Bengali

CC-6

আধুনিককালে মধ্যযুগের বাংলা সাহিত্যের পর্যালোচনা

পূর্ণমান: ৪০

সময়: ২ ঘণ্টা

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও 'ক' বিভাগ

(১০ x ৪ = ৪০)

১) "বিদ্যাপতি ও জয়দেব" প্রবন্ধে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় গীতিকবিদের যে শ্রেণিবিভাগ করেছেন, তা কতখানি যুক্তিযুক্ততা আলোচনা করে বুঝিয়ে দিন।

অথবা,

'কাব্যে অন্তঃপ্রকৃতি ও বহিঃ প্রকৃতির মধ্যে যথার্থ সম্বন্ধ এই যে, উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপতিত হয়'- প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন।

২) ধর্ম পূজার ব্যাপার যেভাবে পরীক্ষা করিয়া দেখি, ঘুরিয়া ফিরিয়া বৌদ্ধধর্মের ভগ্নাবশেষ বলিয়া মনে হয়'- প্রাবন্ধিক হরপ্রসাদ শাস্ত্রীর এই মন্তব্য বিশ্লেষণ করুন।

অথবা,

"ধর্মঠাকুর" বঙ্গ দেশের এক মহোপকার সাধন করিয়াছেন"- পাঠ্য অবলম্বনে এই মন্তব্য বিশ্লেষণ করুন।

'খ' বিভাগ

৩) 'বড় চণ্ডীদাসের বাস্তবতার স্বরূপ- যাহা রাধা-চরিত্রের মধ্যে পূর্ণ বিকশিত'—প্রাবন্ধিক শঙ্করীপ্রসাদ বসুর এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন।

অথবা,

'কৃষ্ণকীর্তনের মধ্যে দেহ এবং মন গভীরতর সত্তায় সংযুক্ত'-- প্রসঙ্গে উল্লেখ করে এই মন্তব্য বিশ্লেষণ করুন।

৪) অন্যান্য রাজসভার তুলনায় বিষ্ণুপুর রাজসভার মৌলিকতা কোথায় তা আলোচনা করে বুঝিয়ে দিন।

অথবা,

"বিষ্ণুপুর রাজপৃষ্ঠপোষকতায় সঙ্গীত ও স্থাপত্য শিল্পের ক্ষেত্রে যেমন অসামান্য সমৃদ্ধি দেখা দিয়েছিল কাব্যের ক্ষেত্রে কিন্তু সেরকম কীর্তি অর্জিত হয়নি"- প্রাবন্ধিক কেন একথা বলেছেন, তা পাঠ্য অবলম্বনে বুঝিয়ে দিন।